online copy

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী।

স্মারক নম্বর ৮/প্রস/—/৭৬৫ তারিখ ঃ ২১/১১/২০২০

প্রেরক ঃ চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী

প্রাপক ঃ সচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

দৃষ্টি আকর্ষণ ঃ উপসচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-১
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

বিষয় ঃ জয়পুরহাট জেলার সদর উপজেলাধীন টিএমএসএস পাবলিক স্কুল এ্যান্ড কলেজ (টিপিএসসি), জয়পুরহাট নামে নতুন প্রতিষ্ঠান স্থাপন-এর অনুমতি প্রদানের লক্ষ্যে চাহিদা মোতাবেক পরিদর্শন প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

সূত্র ঃ শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭২.৩৩.০৫৩.১৭.৩১৭ তারিখ ঃ ২৯/১০/২০২০ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জয়পুরহাট জেলার সদর উপজেলাধীন টিএমএসএস পাবলিক স্কুল এ্যান্ড কলেজ (টিপিএসসি), জয়পুরহাট স্থাপনের যথার্থতা যাচাই এর লক্ষ্যে রাজশাহী শিক্ষা বোর্ডের বিদ্যালয় পরিদর্শক সরেজমিন বিদ্যালয়টি পরিদর্শন করেন। পরিদর্শন প্রতিবেদনে উপস্থাপিত ছক মোতাবেক বিভিন্ন তথ্যাদির আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত তা অগ্রায়ন করা হলো।

২১.১১.২০২০

(প্রফেসর ড. মোহা. মোকবুল হোসেন)
আই ডি নং- ৪৩৫৪
চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী
ফোন ঃ ০৭২১-৭৭৬২৭০ (পি.এস)

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী

ছক - (ক)
বিদ্যালয় স্থাপনের অনুমতি প্রদান
পরিদর্শন ছক

বিদ্যালয়ের নাম (প্রস্তাবিত)	: **টিএমএসএস পাবলিক স্কুল এ্যান্ড কলেজ (টিপিএসসি), জয়পুরহাট**
বিদ্যালয়ের ঠিকানা	: ডাকঘর : পুরানপৈল, উপজেলা : জয়পুরহাট সদর, জেলা : জয়পুরহাট
পরিদর্শনকারী কর্মকর্তার নাম ও পদবী	: প্রফেসর দেবাশীষ রঞ্জন রায় বিদ্যালয় পরিদর্শক মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী
পরিদর্শনের তারিখ	: ২৮/১১/২০২০ খ্রি:

ক্র: নং	বিষয়	নীতিমালা অনুযায়ী পূরণীয় শর্তসমূহ	বিদ্যালয়ের বর্তমান অবস্থার বর্ণনা	শর্ত পূরণ হয়েছে কি না এ সম্পর্কে মতামত
১.	প্রস্তাবিত বিদ্যালয়ের অবস্থান (মহানগর/পৌর ও শিল্প এলাকা/মফস্বল)		মফস্বল এলাকায় অবস্থিত।	শর্ত পূরণকৃত
২.	প্রস্তাবিত বিদ্যালয়ের চতুর্দিকে বিদ্যমান বিদ্যালয়সমূহের নাম ও দূরত্ব		দিক / বিদ্যালয়ের নাম / প্রস্তাবিত বিদ্যালয়ের অবস্থান হতে দূরত্ব উত্তর / বড়তাজপুর মাধ্যমিক বিদ্যালয় / ০৫ কি: মি: দক্ষিণ / জয়পুরহাট কাশিয়াবাড়ী উচ্চ বিদ্যালয় / ০২ কি: মি: পূর্ব / সৃজনী উচ্চ বিদ্যালয় / ০৫ কি: মি: পশ্চিম / বেল আমলা নিম্ন মাধ্যমিক বিদ্যালয় / ০৪ কি: মি:	শর্ত পূরণকৃত (দূরত্ব সনদের অনুলিপি সংযুক্ত)
৩.	প্রস্তাবিত উপজেলার মোট জনসংখ্যা		জয়পুরহাট সদর উপজেলার মোট জনসংখ্যা- ২,৮৯,০৫৮ জন। (২০১১ সালের আমশুমারী অনুযায়ী)	উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক প্রদত্ত সনদের অনুলিপি সংযুক্ত
৪.	প্রস্তাবিত উপজেলায় বিদ্যমান বিদ্যালয়ের সংখ্যা		**জয়পুরহাট সদর উপজেলায় বিদ্যমান বিদ্যালয়ের সংখ্যা ৫২ টি। তন্মধ্যে-** ১। নিম্ন মাধ্যমিক সহশিক্ষা বিদ্যালয় - ০৬ টি ২। নিম্ন মাধ্যমিক বালিকা বিদ্যালয় - ০২ টি ৩। মাধ্যমিক বালিকা বিদ্যালয় - ০৭ টি ৪। মাধ্যমিক সহশিক্ষা বিদ্যালয় - ৩৭ টি সর্বমোট - ৫২ টি	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার প্রদত্ত তালিকার অনুলিপি সংযুক্ত

এই পরিদর্শন প্রতিবেদনটি রাজশাহী শিক্ষা বোর্ডের www.rajshahieducationboard.gov.bd ওয়েব সাইটে দেয়া হয়েছে।

স্বা: ২৮/১১/২০২০

অপর পাতায় ....

৫.	প্রস্তাবিত বিদ্যালয়ের চতুর্দিকে নিকটবর্তী এলাকায় বিদ্যমান মাধ্যমিক বিদ্যালয়ের সংখ্যা		০৩ টি (মাধ্যমিক) ১। শ্যামপুর উচ্চ বিদ্যালয় ২। বড়তাজপুর মাধ্যমিক বিদ্যালয়, জয়পুরহাট সদর, জয়পুরহাট ৩। কাশিয়াবাড়ী উচ্চ বিদ্যালয়, জয়পুরহাট সদর, জয়পুরহাট	শর্ত পূরণকৃত
৬.	জনসংখ্যা অনুযায়ী নতুন বিদ্যালয়ের প্রাপ্যতা রয়েছে কিনা ?		উপজেলার মোট জনসংখ্যা অনুপাতে বিদ্যালয়ের প্রাপ্যতা না থাকলেও নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ের প্রাপ্যতা আছে।	শর্ত পূরণকৃত
৭.	সম্ভাব্য জমির পরিমাণ (শতাংশে)		৩০ শতক জমি টিএমএসএস পাবলিক স্কুল এ্যান্ড কলেজ (টিপিএসসি), জয়পুরহাট এর নামে অপ্রত্যাহার যোগ্য পাওয়ার অব অ্যাটর্নি মূলে রেজিষ্ট্রি দলিল করে দেয়া হয়েছে (কপি সংযুক্তি)।	শর্ত পূরণকৃত
৮.	জমি প্রাপ্তির উৎস		বেসরকারী প্রতিষ্ঠান টিএমএসএস-এর মাধ্যমে প্রাপ্ত।	শর্ত পূরণকৃত
৯.	উদ্যোক্তার পরিচয় ও সমাজ সেবায় অবদান		অধ্যাপিকা ড. হোসনে আরা বেগম (অশোকা ফেলো এন্ড পিএইচএফ), নির্বাহী পরিচালক- টিএমএসএস। তিনি একাধারে বিদ্যোৎসাহী, সমাজসেবক ও এনজিও ব্যক্তিত্ব। তাঁর নেতৃত্বে প্রতিষ্ঠিত এনজিও টিএমএসএস প্রতিষ্ঠালগ্ন থেকে দরিদ্র ও সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীর আর্থ সামাজিক উন্নয়নে বিভিন্ন উন্নয়নমূলক কর্মকান্ড পরিচালনা করে আসছে। তন্মধ্যে শিক্ষা কার্যক্রম অন্যতম। শিক্ষা কার্যক্রমের আওতায় টিএমএসএস কেজি স্কুল, প্রাইমারী স্কুল, হাইস্কুল, ইয়াতিমখানা, মাদ্রাসা, কলেজ, কারিগরি বিদ্যালয়, টেক্সটাইল ইন্সটিটিউট, ভোকেশনাল ট্রেনিং ইন্সটিটিউট, মেডিকেল ট্রেনিং ইন্সটিটিউট, মেডিকেল এ্যাসিসটেন্ট ট্রেনিং স্কুল, মেডিকেল কলেজ, ইঞ্জিনিয়ারিং কলেজ, নার্সিং কলেজ ও বিশ্ববিদ্যালয় স্থাপনের মাধ্যমে দরিদ্র ও সর্বস্তরের জনগণকে যুগোপযোগী শিক্ষা প্রদান করে আসছে।	শর্ত পূরণকৃত
১০.	প্রস্তাবিত এলাকায় বিদ্যালয় স্থাপনের যৌক্তিকতা		প্রস্তাবিত বিদ্যালয়টি জয়পুরহাট জেলা সদরের মোহাম্মাদাবাদ ইউনিয়নে অবস্থিত (পৌরসভা সংলগ্ন)। উক্ত ইউনিয়নে কোন মানসম্মত নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক বিদ্যালয় ও কলেজ না থাকায় ঐ এলাকায় বিদ্যালয় স্থাপনের যুক্তিকতা রয়েছে।	শর্ত পূরণকৃত
১১.	বিদ্যালয় স্থাপন ও পরিচালনার ক্ষেত্রে প্রয়োজনীয় অর্থের সংস্থান		টিএমএসএস-এর অনুদান ও সরকারি নিয়মনীতি অনুযায়ী শিক্ষার্থীদের নিকট থেকে প্রাপ্ত টিউশন ফি।	শর্ত পূরণকৃত

১২. পরিদর্শনকারী কর্মকর্তার সুস্পষ্ট মতামত/সুপারিশ :

শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭২.৩৩.০৫৩.১৭.৩১৭ তারিখ ঃ ২৯/১০/২০২০ খ্রিঃ মোতাবেক চেয়ারম্যান মহোদয়ের ১৭/১১/২০২০ খ্রিঃ তারিখের আদেশে জয়পুরহাট জেলার সদর উপজেলাধীন **"টিএমএসএস পাবলিক স্কুল এ্যান্ড কলেজ (টিপিএসসি)"** নামে একটি নতুন বিদ্যালয় স্থাপনের যৌক্তিকতা যাচাই এর লক্ষ্যে ২৮/১১/২০২০ খ্রিঃ তারিখে সরেজমিন প্রতিষ্ঠানটি পরিদর্শন করা হয়। প্রতিষ্ঠানটি জয়পুরহাট সদরের মোহাম্মাদাবাদ ইউনিয়নের অবস্থিত। বিদ্যালয় স্থাপনের অনুমতির জন্য আবেদন করলেও বিদ্যালয়টি মূলতঃ ২০০৬ সালে প্রতিষ্ঠিত। বিদ্যালয়ের নিম্ন মাধ্যমিক পর্যায়ে ছাত্র-ছাত্রী এবং প্রয়োজনীয় সংখ্যক শিক্ষক-শিক্ষিকাও আছে। নিজস্ব জমিতে ৬ তলা ভবনে ৩০ টি কক্ষ বিশিষ্ট ১ টি পাকা ভবন তৈরি করা হয়েছে। নিকটবর্তী দূরত্বে কোন মানসম্মত নিম্ন মাধ্যমিক বিদ্যালয় না থাকায় দরিদ্র ও সুবিধা বঞ্চিত শিক্ষার্থীদের শিক্ষালাভের সুযোগদানের জন্য বিদ্যালয়টি স্থাপনের যৌক্তিকতা আছে বলে প্রতীয়মান হচ্ছে।

এমতাবস্থায়, ছকে প্রদত্ত তথ্যের আলোকে **"টিএমএসএস পাবলিক স্কুল এ্যান্ড কলেজ (টিপিএসসি), জয়পুরহাট"** স্থাপনের অনুমতি প্রদানের লক্ষ্যে পরিদর্শন প্রতিবেদন শিক্ষা মন্ত্রণালয়ের অনুমোদন ও পরবর্তী নির্দেশনার জন্য প্রেরণ করা হ'ল।

২০/১২/২০২০

(প্রফেসর দেবাশীষ রঞ্জন রায়)
আই ডি নং- ৮৬০১
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী।

এই পরিদর্শন প্রতিবেদনটি রাজশাহী শিক্ষা বোর্ডের www.rajshahieducationboard.gov.bd ওয়েব সাইটে দেয়া হয়েছে।